নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
বেগমগঞ্জ, নোয়াখালী
প্রশাসন বিভাগ
pbs.noakhali.gov.bd

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৩৮.১৯.১৭৭৯

বিষয়ঃ অফিস আসবাবপত্র (বোর্ড রুম চেয়ার) মেরামত ও সরবরাহের কোটেশান বিজ্ঞপ্তি (RFQ) |

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে ব্যবহারের নিমিত্তে নিম্নবর্ণিত বিবরন ও শর্তানুযায়ী অফিস আসবাবপত্র (বোর্ড রুম চেয়ার) সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে (কোন প্রকার ফটোকপি গ্রহনযোগ্য হবে না) নিম্নোক্ত শর্তসাপেক্ষে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) সীল মোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমান	একক দর (সকল প্রকার কর সহ)	মোট দর (সকল প্রকার কর সহ)
০১	কাঠের হাতলসহ কুশন চেয়ারঃ আকাশী কাঠের, নিচে ও পিছনে এক কালারের কটন (সোফা) কাপড়ের কভারসহ ফোম হবে। (পবিসে সংরক্ষিত নমুনা অনুযায়ী)	২৫ টি		
০২	কাঠের হাতলসহ কুশন চেয়ার মেরামতঃ এক কালারের কটন (সোফ) কাপড়ের কভারসহ ফোম দিয়ে নিচের ও পিছনের ফোম পরিবর্তন এবং বার্নিশ করণ। (পবিসে সংরক্ষিত নমুনা অনুযায়ী)	২০টি		
	কথায়ঃ		মোট=	

দরপত্র গ্রহন ও খোলার স্থান		সময়সুচি
ক) সদর দপ্তর, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী	দরপত্র গ্রহনের শেষ তারিখ, বার ও সময়	: ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।	দরপত্র খোলার তারিখ, বার ও সময়	: ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার দুপুর ১২:০৫ ঘটিকা পর্যন্ত।

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগন অফিস চলাকালীন সময়ে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইড www.pbs.noakhali.gov.bd এ দেখতে পারবেন।

০২। দরদাতাগনকে দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট নিবন্ধন এবং আয়কর সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৩। খামের উপর স্পষ্টাক্ষরে **"অফিস আসবাবপত্র মেরামত ও সরবরাহের দরপত্র"** কথাটি লিখতে হবে। মালামালের বিস্তারিত বিবরণ ও নমুনা সমিতির সদর দপ্তরের হতে জানা যাবে।

০৪। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে ১৯/১২/২০২৩ খ্রিঃ তারিখের পূর্বে এজিএম (প্রশাসন)-মোবাইল নম্বর (০১৭৬৯৪০০৭০১) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। একাধিক দরদাতা প্রতিষ্ঠানের দাখিলকৃত দর যদি একই হয় সেক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুযায়ী লটারির মাধ্যমে দরদাতা নির্বাচন করা হবে।

০৬। দরপত্র বাছাই/মূল্যায়ন কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে।

০৭। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বর্ণিত আসবাবপত্র নিজ খরচে ও নিজ দায়িত্বে সমিতির সদর দপ্তরে সরবরাহ করতে হবে।

০৮। চেয়ারের কাঠ ও কাপড় এবং বার্নিশের মালামালসহ যাবতীয় মালামাল দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানকে সরবরাহ করতে হবে। নতুন চেয়ার ও মেরামতকৃত চেয়ারের কাপড় একই কালার হবে।

০৯। কুশন কাপড়ের নমুনা অত্র পবিসের এজিএম (প্রশাসন) ও এজিএম (অর্থ-হিসাব) কর্তৃক প্রুফ করে নিতে হবে।

১০। নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনকৃত জরিমানার মোট চুক্তি মূল্যের ১০% (১০শতাংশ) এর অধিক হবে না।

১১। নির্ধারিত সময়ে আসবাবপত্র সরবরাহের পর Post Delivery Inspection সন্তোষজনক হলে চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১২। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৩। কোন প্রকার কারন দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র বাতিল বা গ্রহন করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। বর্নিত শর্ত সমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১৫। অত্র পবিস ও অন্য পবিস কর্তৃক কালো তালিকা ভুক্ত প্রতিষ্ঠান দরপত্র দাখিলের প্রয়োজন নাই।

১৩-১২-২০২৩
মোঃ জাকির হোসেন
জেনারেল ম্যানেজার

নম্বর:

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

২। জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী;

৩। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী;

৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, নোয়াখালী;

৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪;

৬। ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর জোনাল অফিস, কারিগরী- সদর দপ্তর, নপবিস।;

৭। এজিএম (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি;

৮। নোটিশ বোর্ড এবং

৯। অফিস কপি/মাষ্টার কপি।

১৩-১২-২০২৩
মোঃ জাকির হোসেন
জেনারেল ম্যানেজার